গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
অগ্নি শাখা-১
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৩২.০০২.২২-২১

তারিখ : ১২ মাঘ ১৪২৯ / ২৬ জানুয়ারি ২০২৩

বিষয়: ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত দপ্তর/সংস্থা সংশ্লিষ্ট কার্যক্রমসমূহ বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় নিম্নবর্ণিত কার্যক্রমসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে। যা অবশ্যই বাস্তবায়ন করতে হবে। এসব কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জিত না হলে দপ্তর/সংস্থা এবং সুরক্ষা সেবা বিভাগের শুদ্ধাচার কর্মপরিকল্পনায় ধার্যকৃত নম্বর অর্জন করা সম্ভব হবে না। এতে করে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের মধ্যে সামগ্রিক মূল্যায়নে সুরক্ষা সেবা বিভাগ কাঙ্খিত ফলাফল অর্জনে ব্যার্থ হবে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় উন্নয়ন সংশ্লিষ্ট সূচকসমূহ হলো:

| ক্রম | কার্যক্রমের নাম | বরাদ্দকৃত নম্বর | লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|
| ১ | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | ৩ | শতভাগ বাস্তবায়ন করতে হবে |
| ২ | প্রকল্পের PIC এবং PSC সভা আয়োজন | ৩ | ডিপিপি'তে উল্লেখিত লক্ষ্যমাত্রা অনুযায়ী |
| ৩ | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের যানবাহনসহ সকল সম্পদ (কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | ৫ | ২০২১-২২ অর্থবছরে সমাপ্ত এবং ২০২২-২৩ অর্থবছরের ৩১ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে সমাপ্ত সকল প্রকল্পের সম্পদ সাবেক সংস্থাপন মন্ত্রণালয়ের ০৮/০১/২০০৬ তারিখের নং সম (পরি)-স্থায়ী কমিটি/৪৪/২০০৫ (অংশ-১)-৭২১ নম্বর পরিপত্র এবং ১১/০৫/১৯৯৯ তারিখের নং-সম (পরি) প-৫/৯৮-১৫৮ (২০০) নম্বর পরিপত্র মোতাবেক হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে। |

০২। এমতাবস্থায়, উপরিউক্ত কার্যক্রমগুলো লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট প্রমাণক শুদ্ধাচার ফোকালপয়েন্ট ও উপসচিব, অগ্নি অধিশাখা বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

২৬/১/২০২৩

(জাহিদুল ইসলাম)
উপসচিব
ও
এপিএ ফোকাল পয়েন্ট
ফোন : ২২৩৩৫৪৭৪৭
E-mail: fire1@ssd.gov.bd

দপ্তর/সংস্থা প্রধান (সকল)
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

০১। অতিরিক্ত সচিব ও অনুবিভাগ প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৩। প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
০৪। অফিস কপি / মাস্টার কপি।